

ক্যাশ্বেলটাউন, বাংলাদেশ ওয়েলফেয়ার সোসাইটির মিস্ক্যারেজ ! সংখ্যাগরিষ্ঠ সদস্যের অনাস্থায় সভাপতি আনিস অকালে ঝরে গেল !

মেলা শেষে খেলা পন্ড ! আনিসুর রহমান [আনিস] এর উত্থাপিত ‘আজগুর্বা’ অভিযোগ ‘বাংলাদেশ থেকে বেনামে আদম আমদানিতে বাধা দেয়ায় সংগঠনের খাতা থেকে আমি খরচ হয়ে গেলাম’। কিন্তু কার্যকরী কমিটি বলছে ভিন্ন কথা, ‘সংগঠনের আয়-ব্যয়ের হিসেব খাতার শুভঙ্করের ফাঁক দিয়ে অকালে ঝরে পড়ে গেছেন আনিস।’

রবিবার ৫ই এপ্রিল বিকেলে কার্যকরী কমিটির সভা চলাকালীন মিথ্যা হুমকী ও আতঙ্কের কথা সাজিয়ে ‘ঝরে পড়া’ আনিস অনর্থক পুলিশ ডেকেছিল বলেও অভিযোগ উঠেছে। আনিসের দাবিকৃত অভিযোগ অনুযায়ী সত্যি কি বাংলাদেশ ওয়েলফেয়ার সোসাইটির নামে কেউ গোপনে ‘আদম’ আমদানি



করতে চেয়েছিল ? কার্যকরী সংগঠনের দাবী ‘গেল মাসে অনুষ্ঠিত বাংলা মেলা-২০০৯ ও অন্যান্য বিষয়ে হিসেব খাতায় ‘গোঁজামিল’ দিতে চেষ্টা করেছিল আনিস এবং অবশেষে হাতে নাতে ধরা পড়ে গেল তাই তাকে আঁচড় না দিয়ে ‘ভাগিয়ে’ দেয়া হলো।’

হাসি-খুশি কোথায় সে মধুর দিনগুলি আজ? কথিত বিরোধে লিপ্ত সংগঠনের বর্তমান সা: সম্পাদক ইকবাল ফারুক (বামে) এবং সদ্য খসে যাওয়া সভাপতি আনিসুর রহমান। দুজনের মাঝে ঝাঁপসা আলোয় আছেন মাসুদ চৌধুরী। দুই কর্তার একজন স্পাইট ও অন্যজন হয়ত কোক ভালোবাসে।

উক্ত নাটকে কে দায়ী, সংগঠনের ‘সদ্য-প্রাক্তন’ সভাপতি আনিসুর রহমান না সংগঠনের কার্যকরী কমিটি ? অনাস্থা দিয়ে আনিসকে ‘ভাগিয়ে’ দেয়া কি সমুচীন না অসমুচীন হয়েছে ? মেয়াদ শেষ হওয়ার আগেই সাংগঠনিক এ গর্ভ-নাশ কেন ঘটলো? উদ্ভূত সঙ্কট বিষয়ে খোঁজ নেয়া হচ্ছে কোথায়, কখন এবং ঝড়ো হাওয়ার মত কেন আচানক এ ঘটনাটি ঘটে গেল। আসছে সংখ্যায় পড়ুন বিস্তারিত।

নুতন ভারপ্রাপ্ত সভাপতিকে দেখতে এখানে টোকা মারুন